গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট
E-mail: gwcsyl@gmail.com, ☎:02996635288
www.sgwc.edu.bd EIIN: 130453

স্মারক নংঃ সিসমক/নিলাম/২০২৬/ তারিখ: ২৯/০৭/২০২৬খ্রি:

# প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি :

সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট-এর ঝুকিপূর্ণ ভবন ভাঙ্গার লক্ষ্যে স্থানীয় দরপত্র বিজ্ঞপ্তি আহ্বানা করা হলো। প্রকৃত ঠিকাদারদের নিকট হতে নিম্নবর্ণিত কার্যাবলীর দরপত্র আহ্বান করা হলো। এমতাবস্থায় আগামী ০৬/০৮/২০২৬ তারিখ (বৃহস্পতিবার) সকাল ১১.০০ ঘটিকায় কলেজ ক্যাম্পাসে প্রকাশ্য নিলামে অংশ গ্রহণের জন্য প্রকৃত ঠিকাদার/প্রতিষ্ঠান কে অনুরোধ জানানো হলো।

ছক

| ক্র. নং | কাজের বিবরণ |
|---|---|
| ১ | ছাত্রী নিবাসের তত্ত্বাবধায়কের পরিত্যক্ত বাসভবন (১০.৬৫মি×৯.১৫মি) আয়তন বিশিষ্ট এক তলা ভবন ভাঙ্গার কাজ। |
| ২ | ১টি গার্ডরুম : (৩মি ×৩মি) আয়তন বিশিষ্ট গার্ডরুম ভাঙ্গার কাজ |
| ৩ | ১টি টয়লেট : (১.৫২মি×২.১০মি) আয়তন বিশিষ্ট টয়লেট ভাঙ্গার কাজ। |
| ৪ | পানির ট্যাংক : বড় একটি পানির ট্যাংক ভাঙ্গার কাজ। |

শর্তাবলী :

১) প্রকাশ্যে নিলামে অংশগ্রহনেচ্ছুক ব্যাক্তি/প্রতিষ্ঠানকে ০৬/০৮/২০২৬খ্রি. তারিখের সকাল ১১.০০ টার মধ্যে অত্র দপ্তরের নিলাম কমিটির নিকট নগদ ২,০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে কলেজ অফিসে তালিকাভুক্ত হতে হবে।

২) সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ২,০০০/- (দুই হাজার) টাকা জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেয়া হবে।

৩) কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা সঙ্গে সঙ্গে পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে।

৪) নিলামে অংশগ্রহণের পূর্বে সকল ঠিকাদারকে সরেজমিনে ভবন ও অন্যান্য স্থাপনা দেখে নিতে হবে।

৫) কৃতকার্য ডাককারীকে প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক উদ্ধৃত ডাকের ভ্যাট ও আয়কর ডাকমূল্যের অতিরিক্ত হিসেবে পরিশোধ করতে হবে।

৬) ভবন ভাঙ্গার সময় অন্যান্য স্থাপনার কোন ক্ষতি করা যাবে না।

৭) সূর্যাস্ত হতে সূর্যোদয় পর্যন্ত অর্থাৎ রাত্রিতে নিলামে উল্লেখিত ভবন ও অন্যান্য স্থাপনাসমূহ ভাঙ্গা বা অপসারণ করা যাবে না।

৮) কৃতকার্য নিলাম ডাককারী ডাক গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিলামে উল্লেখিত ভবন ও অন্যান্য স্থাপনাসমূহ অপসারণ করবেন। অন্যথায় কোন জটিলতার সৃষ্টি হলে অত্র দপ্তর দায়ী থাকবে না।

৯) যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রকাশ্য নিলাম ডাক চলাকালীন সময়ে নিলাম ডাকে কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করেন, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

১০) সর্বোচ্চ বা যে কোন ডাক গ্রহণ করা বা না করা নিলাম কমিটির এখতিয়ারভুক্ত। এ জন্যে নিলাম কমিটি কাউকে কোন প্রকার ব্যাখ্যা দিতে বাধ্য নহে। এ ব্যাপারে কোন প্রকার আপত্তি আমলে আসবে না।

29/07/2026

(প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন রশীদ চৌধুরী)
অধ্যক্ষ
ও
সদস্য সচিব, নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয়
কনডেমনেশন কমিটি
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

J:\F-Drive\Gwcsyl-2026\Word Files-2025\commitee-2022-23-24.docx(478)